8043

BENG4013

3 Yr. Degree/4 Yr. Honours 4th Semester Examination, 2026 (CCFUP)

Subject : Bengali

Course: BENG4013 (MAJOR)

(ছন্দ ও অলংকার)

Time: 3 Hours **Full Marks: 60**

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

(ক) অক্ষর ও দলের পার্থক্য লেখো।

(খ) স্বরবৃত্ত ছন্দের মাত্রাগণনারীতি বুঝিয়ে দাও।

(গ) পঙ্‌ক্তি ও চরণের পার্থক্য লেখো।

(ঘ) 'রবীন্দ্রনাথ' শব্দটিতে ক-টি দল আছে? দলগুলির পরিচয় দাও।

(ঙ) 'শ্বাসাঘাতপ্রধান ছন্দ'—এরকম নামকরণের কারণ লেখো।

(চ) 'উপপর্ব' কাকে বলে? উদাহরণ দাও।

(ছ) মিল বলতে কী বোঝায়? মিল কয় প্রকার ও কী কী?

(জ) 'পয়ার'-এর সংজ্ঞা লেখো।

(ঝ) 'ছেকানুপ্রাস' অলংকার কাকে বলে? উদাহরণ দাও।

(ঞ) 'শ্লেষ বক্রোক্তি'-র একটি উদাহরণ দাও।

(ট) 'বিরোধাভাস' অলংকার কাকে বলে?

(ঠ) 'কচি কলাপাতা সন্ধ্যা'—এখানে উপমেয় ও উপমান নির্দেশ করো।

(ড) 'কে ছেঁড়ে পদ্মের পর্ণ?' —এখানে কী অলংকার হয়েছে? ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।

(ঢ) 'ভ্রান্তিমান' অলংকার কাকে বলে? উদাহরণ দাও।

(ণ) 'বিষম' অলংকার উদাহরণ-সহ বুঝিয়ে দাও।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

(ক) বাংলা ছন্দে 'যতি' ও 'ছেদ'-এর পার্থক্য উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(খ) মিশ্রবৃত্ত ছন্দের মাত্রাগণনা পদ্ধতি দৃষ্টান্ত-সহ আলোচনা করো।

(গ) 'যমক' ও 'শ্লেষ' অলংকারের পার্থক্য উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ঘ) 'সন্দেহ' ও 'নিশ্চয়' অলংকারের মধ্যে একটি তুলনামূলক আলোচনা করো।

(ঙ) যেকোনো একটি কবিতাংশের ছন্দোলিপি প্রস্তুত করো:

(অ) চিত্রগুপ্ত হেসে বলে বড় শক্ত বুঝা।
যারে বলে ভালোবাসা তারে বলে পূজা।।

(আ) বিদ্যেবোঝাই বাবুমশাই চড়ি সখের বোটে,
মাঝিরে কন বলতে পারিস সূর্যি কেন ওঠে?

(চ) ব্যাখ্যা-সহ যেকোনো একটি কবিতাংশের অলংকার নির্ণয় করো:

(অ) চোখে চোখে কথা নয় গো, বন্ধু, আগুনে আগুনে কথা

(আ) কলকল্লোলে লাজ দিল আজ / নারীকণ্ঠের কাকলি

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

(ক) সরল কলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণ-সহ আলোচনা করো।

অথবা,

মুক্তক ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণ-সহ আলোচনা করো।

(খ) উপমা কাকে বলে? উদাহরণ-সহ উপমা অলংকারের বিভিন্ন শ্রেণির পরিচয় দাও।

অথবা,

উদাহরণ-সহ উৎপ্রেক্ষা অলংকারের সাধারণ পরিচয় দাও।
